



## শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

ইনস্টিটিউট অব সীড টেকনোলজি  
শেরেবাংলা, নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ

স্মারক নং-শেকুবি/শিক্ষা ও বৃত্তি/১(৮২)/২০১৫/৬১৩৩

তারিখ: ০২/১২/২০১৫ খ্রিঃ

### স্নাতকোত্তর কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

জানুয়ারি-জুন/২০১৫খ্রিঃ সেমিস্টারে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ ইনস্টিটিউট অব সীড টেকনোলজিতে এম.এস (সীড টেকনোলজি) কোর্সে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

**ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা :** শেকুবি/স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষিতে স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা কৃষি সংশ্লিষ্ট সমমানের ডিগ্রিধারী হতে হবে।

আসন সংখ্যা : ২০ জন।

**ভর্তি সংশ্লিষ্ট তথ্যাবলী :**

- উপর্যুক্ত যোগ্যতাসম্পন্ন প্রার্থীগণকে ভর্তির জন্য পরিচালক, ইনস্টিটিউট অব সীড টেকনোলজি, শেকুবি, ঢাকা এর অফিস থেকে নির্ধারিত ভর্তির আবেদন ফরম নগদ ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র প্রদানপূর্বক ০৬/১২/২০১৫ খ্রিঃ তারিখ থেকে সংগ্রহ করা যাবে এবং পূরণকৃত আবেদন ফরম ২০/১২/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে পরিচালক, ইনস্টিটিউট অব সীড টেকনোলজি অফিসে জমা দিতে হবে।
- আবেদন ফরমের সাথে সকল শিক্ষাগতযোগ্যতার সার্টিফিকেট, মার্কশিটের সত্যায়িত ফটোকপিসহ সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র ও ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযোজন করতে হবে। চাকুরিরত প্রার্থীর ক্ষেত্রে আবেদন ফরমের সাথে সংশ্লিষ্ট নিয়োগ কর্তার নিকট হতে অনুমতিপত্র সংযোজন করতে হবে।
- চাকুরিরত বৃত্তিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে ভর্তির যোগ্যতা শিথিলযোগ্য। এ ক্ষেত্রে প্রার্থীকে উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। চাকুরিরত বৃত্তিপ্রাপ্ত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে বৃত্তিপ্রাপ্তির নিশ্চয়তা পত্র শিল্পিত হবে এবং গবেষণা ব্যয় হিসাবে এমএস প্রোগ্রামের জন্য ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা সংশ্লিষ্ট অফিসে ভর্তির সময় জমা দিতে হবে।
- মেধা ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের তালিকা ২২/১২/২০১৫ খ্রিঃ তারিখে পরিচালক, ইনস্টিটিউট অব সীড টেকনোলজি অফিসের নোটিশ বোর্ডে দেয়া হবে।
- নির্বাচিত চাকুরিরত প্রার্থীদের ক্লাস শুরুর পূর্বেই নিয়োগ কর্তার নিকট হতে প্রশংসাদেশ/অনুমতি পত্রের কপি পরিচালক, ইনস্টিটিউট অব সীড টেকনোলজি অফিসে জমা দিতে হবে।
- নির্বাচিত প্রার্থীগণকে ২৭/১২/২০১৫ খ্রিঃ হতে ২৮/১২/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে ভর্তির কার্যাদি সম্পন্ন করতে হবে।
- ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাস আগামী ৩১/০১/২০১৬ খ্রিঃ তারিখে শুরু করা হবে।
- অসম্পূর্ণ এবং অস্পষ্ট দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(শেখ রেজাউল করিম)

রেজিস্ট্রার

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

ফি-২৯৪০/১২/১৫ (৭'x০)